# সোনালী ব্যাংক পিএলসি,

***বিশ্বস্ত ও স্মার্ট***

**অর্থঋণ আদালত আইন ২০০৩(সংশোধন ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি**

ঋণগ্রহীতা নাম ও ঠিকানা ঃ মৃত শাকের উল্লাহ আবেদীন ,পিতা-আলতাফ হোসেন চৌধুরী, মাতা রহিমা আকতার , সাং মন্ডলপাড়া, লক্ষ্যাচর , থানা চকরিয়া, জেলা- কক্সবাজার। স্থায়ী ঠিকানাঃ ঐ

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩১/০৪/২০২৫ পর্যন্ত ব্যাংকের বকেয়া পাওনা আসল ও সুদ বাবদ মোট ১৪,৬৫,৯৮৫/- টাকা (চৌদ্দ লক্ষ পঁয়ষট্টি হাজার নয় শত পঁচাশি মাত্র) এবং আদায়কালতক সুদসহ মামলা ও অন্যান্য খরচাদি আদায়ের নিমিত্তে অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত হাইপোঃ/প্লেজকৃত মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) ও স্থাবর সম্পত্তি (তদস্থিত ভবন, স্থাপনা ও যন্ত্রপাতিসহ) অর্থঋণ আদালত আইন ২০০৩(সংশোধন ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগনের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

**" বন্ধকীকৃত সম্পত্তির তফসিল"**

জিলা-কক্সবাজার, থানা-কক্সবাজার, মৌজা-ঝিলংজা(কক্সবাজার পৌর এলাকা ) ,উপজেলা ও জেলা-কক্সবাজার, আর এস জমাবন্দি ২৩৩৯ নং খতিয়ানের ৮০০৪/৯৩৯৮ দাগের আন্দর , তুলনামুলক বিএস ৪০৯ নং খতিয়ানের বিএস ২২৫০২ , ২২৫০৩ দাগাদীর আন্দর বি এস ৩৮৫৯ খতিয়ানের বিএস ২২৫০৪ দাগের আন্দর , নামজারী ও জমাভাগ খতিয়ান নং- ৪৫১৬ , দাগ নং- ২২৫০২/২৯৫২৪, ২২৫০৩/২৯৫২৫ , ২২৫০৪/২৮৫১৮/২৯৫২৬, এবং নামজারী ও জমাভাগ খতিয়ান নং ৬৮৬৫ এর দাগ নং ২২৫০২/২৯৫২৪/৩২৯৬২, ২২৫০৩/২৯৫২৫/৩২৯৬৩ । জমির পরিমান-৪ শতক

**ঃ শর্তসমূহ ঃ**

০১। আগামী ০৮/০৭/২৫ ~~--/৪/২০২৫~~ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, কক্সবাজার শাখা, কক্সবাজার এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সোনালী ব্যাংক , পিএলসি, কক্সবাজার শাখা, কক্সবাজার এ পৌঁছাইতে হইবে।

০২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল ( যেখানে যে অবস্থায় যাহা রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| | আর্নেষ্ট মানি/জামানতের পরিমান | অবশিষ্ট মুল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধের ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মুল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫। দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

চলমান পাতা-০২



SONALI BANK PLC. COX'S BAZAR BR.

০৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮। ঋণ গ্রহীতা/ প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ না করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগন বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(মোঃ জসিম উদ্দিন)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
সোনালী ব্যাংক পিএলসি
কক্সবাজার শাখা, কক্সবাজার।
মোবাইল নং-০১৭০৮১২৮৯৮০

Md. Zashim Uddin (G-41331)
Senior Principal Officer & Manager
Sonali Bank PLC.
Cox's Bazar Branch, Cox's Bazar.